



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০
(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০০১.০০.০৫৭.২০১৩- ৪২২

তারিখঃ ২৬ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ।

বরাবর
যুগ্ম পরিচালক (সার)
বিএডিসি, চট্টগ্রাম।

বিষয় চট্টগ্রাম দপ্তরের বিএডিসি ভবন (২য় তলা) ৯৪২৫ বর্গফুট ফ্লোরের বর্তমান মাসিক ভাড়া ৩,৫৯,৩০১/- টাকা হতে ২০% হারে কমিয়ে ৩ বছরের জন্য নতুন চুক্তি সম্পাদনের জন্য ভাড়াটিয়ার ০৯/০৮/২০১৭ তারিখের আবেদন প্রসঙ্গে।

সূত্রঃ আপনার দপ্তরের স্মারক নং-১৯৬ তারিখঃ ০৯/০৮/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম দপ্তরের বিএডিসি ভবন (২য় তলা) ৯,৪২৫ বর্গফুট ফ্লোরের বর্তমান মাসিক ভাড়া ৩,৫৯,৩০১/- (তিন লক্ষ ঊনষাট হাজার তিনশত এক) টাকা হতে ২০% হারে কমিয়ে ০৩ (তিন) বছরের জন্য নতুন চুক্তি সম্পাদনের কোন সুযোগ নেই। ভাড়াটিয়া প্রতিষ্ঠান মেসার্স ফোর, এইচ গ্রুপ, প্রোঃ গাওহার সিরাজ জামিলকে আগামী ৩১/১২/২০১৭ তারিখ পর্যন্ত সময় বর্ধিত করা হলো। বর্ণিত স্থাপনাদি ০১/০১/২০১৮ তারিখ হতে ভাড়া প্রদানের লক্ষ্যে বিএডিসির জনসংযোগ বিভাগের মাধ্যমে দুটি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে উন্মুক্ত দরপত্র আহ্বানের প্রক্রিয়া গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২. এ আদেশ দ্বারা এই দপ্তরের স্মারক নং-৭২ তারিখঃ ১৯/০৭/২০১৭ মূলে জারিকৃত আদেশ সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

১. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য)।
২. জনাব গাওহার সিরাজ জামিল, ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ফোর, এইচ গ্রুপ, আসকারাবাদ, ডবলমুরিং, চট্টগ্রাম।
৩. অফিস কপি।